দৈনিক বাংলা

তারিখ ... 16/9/83 ...
পৃষ্ঠা ... ... 1 .. কলাম .. 5 ...

008

# জাল মার্কশীট নিয়ে কলেজে ভর্তি চাকরি গ্রহণঃ ১৬টি ধরা পড়েছে

॥ জালালউদ্দিন আহমদ ॥

মানিকগঞ্জ, ১৫ই সেপ্টেম্বর।— ঢাকা শিক্ষা বোর্ডের ১৬টি জাল এসএসসি মার্কশীট ধরা পড়েছে। এসব মার্কশীট নিয়ে কেউ কলেজে ভর্তি হয়েছিল; আবার কেউ চাকরি নিয়েছিল।

বোর্ডের ডিসিপ্লিন কমিটি এসব জাল সার্টিফিকেট সংগ্রহকারীদের বিরুদ্ধে বিভাগীয় শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করেছে। এ ছাড়াও এসব ভুয়া মার্কশীট সংগ্রহকারীর বিরুদ্ধে দুর্নীতি দমন বিভাগ ও সিআইডিতে মামলা দায়ের হয়েছে।

উল্লেখ্য, ১১টি পরীক্ষা কেন্দ্রের ১৬ জন ফেল করা ছাত্র জাল মার্কশীট ও জাল প্রশংসাপত্র সংগ্রহ করে কেউ কলেজে ভর্তি হয় আবার কেউ চাকরি নেয়।

বোর্ড এসব ভুয়া মার্কশীটের সন্ধান পায় কোন কোন শিক্ষা-প্রতিষ্ঠানের মাধ্যমে। আবার কোনটির সন্ধান পায় গোপন পত্রের মাধ্যমে।

(শেষ পৃঃ ৩-এর কঃ দ্রঃ)

## মার্কশীট

(১ম পৃঃ পর)

ঐসব ভুয়া মার্কশীট উদ্ধার করে বোর্ড দুর্নীতি দমন বিভাগ ও সি-আইডিতে জাল মার্কশীট সংগ্রহ-কারীদের বিরুদ্ধে পৃথক পৃথক মামলা দায়ের করেছে।

জাল মার্কশীট সংগ্রহকারীদের মধ্যে রয়েছেঃ ঢাকা মহানগরীর ফরিদাবাদ উচ্চ বিদ্যালয়ের ২ জন, জয়দেবপুর থানার নীলেরপাড়া উচ্চ বিদ্যালয়ের ৭ জন, নারায়ণগঞ্জ মহকুমার কুড়িপাড়া উচ্চ বিদ্যালয়ের ১ জন, ঢাকার আদমজী-নগর এম ডব্লিউ উচ্চ বিদ্যালয়ের ২ জন; শিবনগর থানার শেখরনগর রায়বাহাদুর শ্রীনাথ বহুমুখী স্কুলের ১ জন, কালিয়াকৈর থানার বড়ইবাড়ি এ কে ইনস্টিটিউশনের ১ জন ও একই থানার সেওড়াতলী ভুবনেশ্বরী উচ্চ বালিকা স্কুলের ১ জন, বাটাইল থানার ব্রাহ্মণশাসন এ ইউ বহুমুখী স্কুলের ১ জন, মীরপুর থানার ন্যাশনাল বাংলা উচ্চ বিদ্যালয়ের ১ জন, বালিয়াকান্দি থানার নলিয়া শ্যামামোহন ইনস্টিটিউশনের ১ জন, রাজবাড়ি থানার কোলা সদর বিদ্যালয়ের ১ জন এবং ডামুড্যা থানার গরীবের চর উচ্চ বিদ্যালয়ের ১জন, নারায়ণগঞ্জ সরকারী উচ্চ বিদ্যালয়ের ১ জন ও মাদারীপুর পাবলিক ইনস্টিটিউশনের ১ জন;

ঢাকা শিক্ষা বোর্ড ইতিমধ্যেই জাল মার্কশীট সংগ্রহকারীদের প্রত্যেককে তিন বছরের জন্যে মাধ্যমিক পরীক্ষায় অংশ গ্রহণ থেকে বিরত করেছে। ঢাকা শিক্ষা বোর্ডের এই নিষেধাজ্ঞাকালে এরা বাংলাদেশের কোন শিক্ষা বোর্ডের মাধ্যমিক পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না।

উল্লেখ্য, ঢাকা বোর্ড কর্তৃপক্ষ ১৯৭৪ সালের ৮টি, ১৯৭৭ সালের ১০টি, ১৯৭৮ সালের ৩৮টি জাল এসএসসি সার্টিফিকেট ও ভুয়া মার্কশীট উদ্ধার করে। এ ছাড়াও ১৯৭৮ সালে ঢাকা বোর্ড ৮০টি ভুয়া এইচএসসি সার্টিফিকেটও উদ্ধার করে।